

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩০.১৫- ৭২৫

তারিখ : ০২-০১-২০১৭ খ্রিঃ

অফিস আদেশ


যুব উন্নয়ন অধিদপ্তরাধীন “টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেইজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ৭টি আইসিটি ট্রেনিং ভ্যান (মিনিবাস) জানুয়ারি’১৭ মাসে নিম্নবর্ণিত প্রশিক্ষণ ভেন্যুতে প্রশিক্ষণে নিয়োজিত রয়েছে। আগামী ৯, ১০ ও ১১ জানুয়ারি ২০১৭ তারিখ অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় যোগদিয়ে সংশ্লিষ্ট জেলা সদরে প্রশিক্ষণ প্রদর্শনীর জন্য ০৮-০১-২০১৬ তারিখ পূর্বাহ্নের প্রশিক্ষণ শেষে যাত্রা করে বিকাল ৫.০০ টায় সংশ্লিষ্ট উপ-পরিচালকের কার্যালয়ে স্ব-স্ব আইসিটি ভ্যানসহ প্রশিক্ষকগণ আবশ্যিকভাবে রিপোর্ট করবেন। মেলায় অংশগ্রহণ শেষে ১১-০১-১৭ তারিখ সন্ধ্যায় পুনরায় প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত স্ব-স্ব ভেন্যুতে প্রত্যাগমন করত ১২-০১-২০১৭ তারিখ সকাল ৯.০০ টায় কার্যক্রম পরিচালনা করবেন। এতদপ্রেক্ষিতে প্রতিটি প্রশিক্ষণ ভেন্যুতে ০৮-০১-১৭ তারিখ অপরাহ্ন হতে ০৯, ১০ এবং ১১ জানুয়ারি’১৭ তারিখ প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ থাকবে।

ঢাকা (ময়মনসিংহসহ), চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগের নির্ধারিত ৭টি আইসিটি ট্রেনিং ভ্যানের জানুয়ারি’১৭ মাসের প্রশিক্ষণ ভেন্যু নিম্নরূপ :

ক্রমিক নং	বিভাগের নাম	আইসিটি ট্রেনিং ভ্যান (মিনি বাস) রেজিঃ নম্বরসহ	জানুয়ারি ২০১৭ মাসের ভেন্যু		মন্তব্য
			জেলা	উপজেলা	
১.	ঢাকা	ঢাকা-মেট্রো- ৯-১১-০৭৭৭	টাঙ্গাইল	নাগরপুর	
২.	চট্টগ্রাম	ঢাকা-মেট্রো- ৯-১১-০৭৭৮	চট্টগ্রাম	মিরসরাই	
৩.	রাজশাহী	ঢাকা-মেট্রো- ৯-১১-০৭৭৯	রাজশাহী	চারঘাট	
৪.	খুলনা	ঢাকা-মেট্রো- ৯-১১-০৭৮০	মাগুরা	শ্রীপুর	
৫.	বরিশাল	ঢাকা-মেট্রো- ৯-১১-০৭৮১	পটুয়াখালী	বাউফল	
৬.	সিলেট	ঢাকা-মেট্রো- ৯-১৪-০১০৫	সুনামগঞ্জ	জগন্নাথপুর	
৭.	রংপুর	ঢাকা-মেট্রো- ৯-১১-০৭৮২	দিনাজপুর	খানসামা	

আসন্ন উন্নয়ন মেলায় অংশগ্রহণের কারণে ২২টি কর্মদিবসে নির্ধারিত সিলেবাস সম্পন্ন করণের লক্ষ্যে এ মাসের পরবর্তী সাপ্তাহিক ছুটির দিনে ৩টি দিবসে অতিরিক্ত ক্লাশ গ্রহণ করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে (১৪, ২০ ও ২১ জানুয়ারি ২০১৭ তারিখ)।

বর্ণিত জেলায় অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় ভ্যানগুলোর অবস্থানকালীন নিরাপত্তা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালকগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক, গাড়ী চালক ও ক্লিনারদের থাকার উদ্যোগ নেবেন। কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


প্রকল্প পরিচালক
টেকাব প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক -----, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, টাঙ্গাইল/চট্টগ্রাম/রাজশাহী/মাগুরা/পটুয়াখালী/সুনামগঞ্জ/দিনাজপুর জেলা।
- ০৩। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল/চট্টগ্রাম/রাজশাহী/মাগুরা/পটুয়াখালী/সুনামগঞ্জ/দিনাজপুর জেলা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপজেলা চেয়ারম্যান, ----- উপজেলা ----- জেলা।
- ০৭। উপ-পরিচালক টাঙ্গাইল/চট্টগ্রাম/রাজশাহী/মাগুরা/পটুয়াখালী/সুনামগঞ্জ/দিনাজপুর জেলা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, ----- উপজেলা ----- জেলা।
- ০৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। প্রোগ্রামার আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা, পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
- ১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ----- উপজেলা ----- জেলা।
- ১৩। প্রশিক্ষক (কম্পিউটার)/সহকারী প্রশিক্ষক (কম্পিউটার) টেকাব প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। অফিস কপি।